



স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৬.২২- ৫২

তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার), পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট তিনি বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মস্থলে পাওয়ার টেকনোলজির ছাত্রীদের সাথে অশালীন, কুরুচিপূর্ণ আচরণ ও শ্রীলতাহানির অভিযোগ পাওয়া যায় এবং প্রাথমিক তদন্তে উক্ত অভিযোগের সত্যতা পাওয়া যায়। তিনি পাঠ্যপুস্তকের বিষয় ক্লাসে উপস্থাপন না করে অত্যন্ত সুকৌশলে নানাভাবে অশালীন আচরণ, ছাত্রীদের হয়রানি, হিজাব খুলতে বাধ্য করা, শরীর স্পর্শ করার চেষ্টা করা বা সুযোগ বুঝে শরীর স্পর্শ করাসহ নানাভাবে অশোভন আচরণ করেন এবং ছাত্র-ছাত্রীদের মৌখিক অভিযোগের প্রেক্ষিতে ০২(দুই) জন অধ্যক্ষ তাকে মৌখিকভাবে সতর্ক করেন। তার এসব অসামাজিক, অশোভন ও অশ্রীল কার্যকলাপের জন্য বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটের পাওয়ার ও আরএসি টেকনোলজির ছাত্র-ছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয় এবং শিক্ষক-কর্মচারীগণ বিব্রতকর অবস্থায় পড়েন। হিজাব খোলার বিষয়ের অবতারণা হওয়ায় ইনস্টিটিউট থেকে মাত্র ১০০গজ দূরে প্রায় ৩,৫০০জন আবাসিক ছাত্রের সমন্বয়ে জামিল মাদ্রাসা (কওমি মাদ্রাসা) অবস্থিত হওয়ায় যে কোন সময় অপ্রীতিকর ঘটনা ঘটতে পারে এবং সেক্ষেত্রে ইনস্টিটিউট নিরাপত্তাহীনতায় আছে বলে কমিটির কাছে প্রতীয়মান হয়;

যেহেতু, তিনি ছাত্রীদের সাথে অশালীন, কুরুচিপূর্ণ আচরণ ও শ্রীলতাহানি, পাঠ্যপুস্তকের বিষয় ক্লাসে উপস্থাপন না করে অত্যন্ত সুকৌশলে নানাভাবে ছাত্রীদের হয়রানি, হিজাব খুলতে বাধ্য করা, শরীর স্পর্শ করার চেষ্টা করা বা সুযোগ বুঝে শরীর স্পর্শ করাসহ নানাভাবে অশোভন আচরণ করেন বিধায় তার বিরুদ্ধে জনস্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বরাবর প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, তিনি ১৮/০১/২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন এবং শুনানিতে গ্রহণকৃত বক্তব্য ও কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ধারা অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী “নির্দিষ্ট মেয়াদের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা” লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার) জনাব মোঃ হাফিজুর রহমান এর অনুকূলে “বার্ষিক বেতনবৃদ্ধি পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত” রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ০২ (দুই) বছরের বর্ধিত বেতন কখনও প্রাপ্য হবেন না, ০২ (দুই) বছর অতিক্রান্ত হওয়ার পর ৩য় (তৃতীয়) বছর হতে তিনি বর্ধিত বেতন প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ কামাল হোসেন)  
সিনিয়র সচিব

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৬.২২- ৫২

তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা  
(জনাব মোঃ হাফিজুর রহমান, চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার) এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)
- ০৫। যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
- ০৭। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
- ০৮। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ০৯। অধ্যক্ষ, পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট, পটুয়াখালী
- ১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, পটুয়াখালী
- ১৩। জনাব মোঃ হাফিজুর রহমান, চিফ ইনস্ট্রাক্টর (টেক/পাওয়ার), পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট, পটুয়াখালী
- ১৪। অফিস কপি।

  
২৬/০৩/২৩  
(রহিমা আক্তার)  
উপসচিব

ফোনঃ ০২-৫৫১০১০৮৯

ই-মেইলঃ sastec1@tmed.gov.bd